**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date : 22.05.2026** **Desk in Charge : K.L.**
**Time: 1-40 PM** **Edit. &Compile : Prajesh B.**
**DEO : KB** **NRT : Anindita B.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ, রাজ্যের জন্য কল্যাণমূলক কেন্দ্রীয় প্রকল্পে আর্থিক বরাদ্দ সহ বিভিন্ন বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকে বসবেন।

২/ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারত ও বাংলাদেশের মধ্যে সীমান্ত সুরক্ষিত করতে, 'স্মার্ট বর্ডার প্রজেক্ট'-এর পরিকল্পনা করেছে সরকার।

৩/ কলকাতার জলাভূমি ভরাট করে বেআইনী নির্মাণের তদন্ত শেষে, রাজ্য সরকার উপযুক্ত ব্যবস্থা নেবে বলে, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন।

৪/ হাওড়া স্টেশন সংলগ্ন এলাকায় হকার উচ্ছেদের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে, কলকাতা হাইকোর্ট।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে নবজাগরণের পথিকৃত সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়ের ২৫৪-তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে।

*****************************************************************************

রাজ্য মন্ত্রিসভার সম্প্রসারণ এবং পশ্চিমবঙ্গের জন্য কল্যাণমূলক কেন্দ্রীয় প্রকল্পে আর্থিক বরাদ্দের অনুমোদন সহ একাধিক বিষয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল দিল্লি গেছেন। গতরাত্রেই স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-র সঙ্গে দেখা করেন তিনি। ঘণ্টাখানেক তাদের মধ্যে কথা হয়। আজ বিকেলে শ্রী অধিকারী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠকে বসবেন বলে জানা যাচ্ছে। এর আগে আজ সকালে মুখ্যমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং-এর সঙ্গে সাক্ষাৎ করেন।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

**************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল হাওড়া এবং দুর্গাপুরে প্রশাসনিক বৈঠক করেন। দুর্গাপুরের বৈঠক থেকে সিন্ডিকেটরাজের অবসান ও বে-আইনী বালি, কয়লা, পাথর খাদান বন্ধের কড়া নির্দেশ দেন তিনি। সাংবাদিকদের তিনি বলেন, বিগত সরকারের ভুল নীতির কারণে আসানসোল, চিত্তরঞ্জন সহ বিস্তৃর্ণ এলাকা শিল্পক্ষেত্র মরুভূমিতে পরিণত হয়েছে। দেউচা পাচামির মতো কোনো মিথ্যা প্রতিশ্রুতি এই সরকার দেবে না বলে তিনি জানান। আগামী ২-৩ মাসের মধ্যে রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা সেইল সহ কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন বিভাগকে নিয়ে শিল্প পুনরুজ্জীবনে বাস্তব পরিকল্পনা করা হবে। সরকারী রাজস্ব ক্ষতি বা রেভিনিউ লিকেজ বন্ধ করার বিষয়ে কঠোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

অন্যদিকে, তিনি বলেন, বর্ষায় বন্যা পরিস্থিতি রুখতে নবান্নে ডিভিসি চেয়ারম্যানের সঙ্গে ইতিমধ্যেই বৈঠক হয়েছে। রাজ্যকে ৫-টি জোনে ভাগ করে আগাম সতর্কতামূলক প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

**************************

পশ্চিম মেদিনীপুর জেলায় আজ এক প্রশাসনিক বৈঠক ডাকা হয়েছে। রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ এই বৈঠকে পৌরোহিত্য করবেন। জেলার সমস্ত বিধায়কদেরও এই বৈঠকে উপস্থিত থাকার জন্য বলা হয়েছে। এই বৈঠকে জেলায় চালু থাকা বিভিন্ন প্রকল্পের কাজকর্মের অগ্রগতি বিষয়ে আলোচনা হবে। এছাড়াও পূর্ত, কৃষি, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, প্রাণী সম্পদ, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, বিদ্যুৎ, জনস্বাস্থ্য এবং বন

দফতরের কাজকর্ম নিয়েও আলোচনা হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। জেলাশাসক সহ বিভিন্ন দফতরের আধিকারিকরাও এই বৈঠকে উপস্থিত থাকবেন।

*************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ভারতের সঙ্গে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে দীর্ঘ সীমান্তকে সুরক্ষিত করতে সরকার, 'স্মার্ট বর্ডার প্রজেক্ট'-এর পরিকল্পনা করেছে। অত্যাধুনিক প্রযুক্তির সহায়তায় এই পরিকল্পনা রূপায়িত হলে, দেশে অনুপ্রবেশের সমস্যা বন্ধ করা সম্ভব হবে। নতুন দিল্লিতে আজ BSF-এর ইনভেস্টিচার অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশ সংলগ্ন ত্রিপুরা ও পশ্চিমবঙ্গে নতুন সরকার অনুপ্রবেশ প্রশ্নে কেন্দ্রের সঙ্গে একমত হয়ে ব্যবস্থা নিতে চলেছে।

( বাইট – অমিত শাহ/১-৪০)

*************************

কলকাতার জলাভূমি ভরাট করে বে-আইনী নির্মাণের তদন্ত করে রাজ্য সরকার উপযুক্ত ব্যবস্থা নেবে বলে, নারী-শিশু বিকাশ ও সমাজ কল্যাণ এবং পুর ও নগরোন্নয়নমন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন। আজ সকালে কলকাতায় এক পারিবারিক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি বলেন, এইসব বে-আইনী নির্মাণের দায় মেয়র ফিরহাদ হাকিমকে নিতে হবে। (বাইট – অগ্নিমিত্রা)

অন্য এক প্রসঙ্গে মন্ত্রী বলেন, কাউন্সিলারদের কাছ থেকে কোনো বিষয়ে প্রয়োজনীয় শংসাপত্র না পাওয়া গেলে বিধায়কের কাছ থেকে তা সংগ্রহ করা যেতে পারে – এই মর্মে শীঘ্রই বিজ্ঞপ্তি জারি হবে বলে তিনি জানান।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও

দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা। 'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ।

*************************

হাওড়া স্টেশন সংলগ্ন বঙ্কিম রোডের হকার উচ্ছেদের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট । জুন মাসের শেষ সপ্তাহ পর্যন্ত এই নির্দেশ বহাল থাকবে জানিয়েছেন বিচারপতি হিরন্ময় ভট্টাচার্য। নির্দেশে বলা হয়েছে, হকারদের আত্মপক্ষ সমর্থনের জন্য শুনানি করতে হবে রেল কর্তৃপক্ষকে । ওই শুনানিতে উপস্থিত থাকবে হুগলি নদী জলপথ পরিবহনের প্রতিনিধিও । শুনানির পরে উচ্ছেদ সম্পর্কিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে রেল কর্তৃপক্ষ।সেই সিদ্ধান্ত রিপোর্ট আকারে জমা করতে হবে কলকাতা হাইকোর্টে। মামলার পরবর্তী শুনানি হবে ১০ই জুন।

*************************

বে-আইনী জমি দখল মামলায় এনফোর্সমেন্ট ডায়রেক্টরেট, ED আজ কলকাতা ও মুর্শিদাবাদ সহ তিনটি স্থানে তল্লাশি অভিযান চালাচ্ছে। এর মধ্যে মুর্শিদাবাদের কান্দিতে কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাস-এর বাড়িতে তালা ভেঙে ইডি আধিকারিকরা তল্লাশি চালাচ্ছে। ED-র অভিযোগ বে-আইনী জমি দখলের অর্থে, অভিযুক্ত ওই পুলিশ অফিসার, তার বাড়ি নির্মাণ করেছে।

*************************

কলকাতা পুরসভার আজকের মাসিক অধিবেশন স্থগিত করা হয়েছে। পুরসভার সচিবালয়ের পক্ষ থেকে এক বিবৃতিতে অধিবেশন স্থগিত করার কথা জানানো হয়।

এদিকে, পুরসভার চেয়ারপার্সন মালা রায় অভিযোগ করেছেন, তার সঙ্গে পরামর্শ না করে নিয়ম বহির্ভুতভাবে এই অধিবেশন স্থগিত করা হয়েছে।

**************************

অন্নপূর্ণা যোজনার কাজে, BLO-দের যুক্ত করার প্রস্তাবের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে, BLO ঐক্যমঞ্চ। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, গতবছর নভেম্বর মাস থেক্রে BLO-রা, SIR ও নির্বাচনের জন্য কাজ করে গেছেন। এরপরেও যেভাবে তাঁদের ওপর অন্নপূর্ণা যোজনার কাজ চাপিয়ে দেওয়া হচ্ছে, তা' অভিপ্রেত নয়। তিনি অবিলম্বে এই নির্দেশ প্রত্যাহারের দাবী জানিয়েছেন।

উল্লেখ্য, রাজ্যের মুখ্যসচিবের পৌরহিত্যে এক বৈঠকে অন্নপূর্ণা যোজনার তালিকা যাচাই-এর কাজে বুথ লেভেল অফিসার বা BLOদের কাজে লাগানো হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**************************

ট্রেন চলাচল এবং রেল পরিকাঠামোকে লক্ষ্য করে সাম্প্রতিক কয়েকটি অপ্রীতিকর ঘটনায় রেল মন্ত্রক যাত্রীদের সফরকালে সতর্ক থাকার আবেদন জানিয়েছে। একই সঙ্গে সন্দেহভাজন কোন ব্যক্তির কাজকর্ম চোখে পড়লে অবিলম্বে ১৩৯ হেল্পলাইন নম্বরে বিষয়টি জানাতে বলা হয়েছে। নতুন দিল্লির রেল ভবনে গতকাল রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ-র পৌরোহিত্যে এক উচ্চ-পর্যায়ের নিরাপত্তা পর্যালোচনা বৈঠকের পর এই আবেদন জানানো হয়। রেল প্রতিমন্ত্রী ভি সোমানা এবং রভনীত সিং বিট্টু সহ রেল বোর্ডের বরিষ্ঠ আধিকারিক এবং ফিল্ড অফিসাররা বৈঠকে উপস্থিত ছিলেন। মন্ত্রক জানিয়েছে, সাম্প্রতিক কয়েকটি অগ্নিকান্ড ছাড়াও ট্রেন চলাচল ও রেল পরিকাঠামোর ওপর আক্রমণের প্রাথমিক তদন্তে দেখা গেছে কিছু সমাজ বিরোধী এই ঘটনার সঙ্গে যুক্ত। কর্তৃপক্ষের তৎপরতায় বড়সড় দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়েছে বলে আধিকারিকরা জানিয়েছেন। কৃত্রিম বুদ্ধিমত্তা, ড্রোণ এবং সিসিটিভি-র মাধ্যমে যাত্রী, ট্রেন এবং স্টেশন চত্বরের নিরাপত্তা জোরদার করা হচ্ছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন, রেলে উন্নত প্রযুক্তির ব্যবহার আরও বাড়ানো হয়েছে।

**************************

বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে আজ দেশজুড়ে আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস উদযাপন করা হচ্ছে। জীববৈচিত্র্য বিষয়ে মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে প্রতি বছর বাইশে মে এই দিনটি উদযাপন করা হয়ে থাকে। এই উপলক্ষে কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী

ভূপেন্দ্র যাদব পৃথিবীর সব জীবের জন্য একটি অভিন্ন ভবিষ্যৎ গড়তে নাগরিকদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী যাদব বলেছেন, জীববৈচিত্র্য সুরক্ষা ও পুনরুদ্ধারে সুস্থায়ী উন্নয়নের লক্ষ্যে সবাইকে এগিয়ে আসতে হবে।

বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং বলেছেন, প্রকৃত সংরক্ষণ শুরু হয় তৃণমূল স্তর থেকে। সমাজমাধ্যমে এক ভিডিও বার্তায় তিনি বলেন, জীব বৈচিত্র্য রক্ষা শুধু আন্তর্জাতিক অঙ্গীকার নয়, আঞ্চলিক ও স্থানীয় সংগঠন, জন গোষ্ঠী এবং সরকারেরও দায়িত্ব।

*************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বাংলার নবজাগরণের পথিকৃৎ, সমাজ সংস্কারক রাজা রামমোহন রায়ের ২৫৪ তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, রাজা রামমোহন রায়ের জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠার মধ্য দিয়ে রামমোহন রায় সমাজকে কুসংস্কার, অন্ধবিশ্বাস ও বৈষম্যের বিরুদ্ধে উদ্বুদ্ধ করে তুলেছিলেন। গৌড়ীয় ব্যাকরণের মাধ্যমে তিনি বাংলা ভাষাকে নতুন ভাবনা ও বৌদ্ধিক দিকনির্দেশ দিয়েছিলেন।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংও, রাজা রামমোহন রায়ের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রীসিং বলেন, তিনি সতীদাহ প্রথার মতো অমানবিক রীতি, কুসংস্কার এবং সামাজিক কুপ্রথার বিরুদ্ধে লড়াই করেছিলেন, যার ফলে আধুনিক ভারতের ভিত্তি আরও সুদৃঢ় হয়েছিল।

হুগলী জেলার খানাকুলে রাজা রামমোহন রায়ের জন্মদিন উপলক্ষে তাঁর জন্মস্থান খানাকুলের রাধানগর থেকে বসতবাটি রঘুনাথপুর পর্যন্ত এক শোভাযাত্রার আয়োজন করা হয়। পুড়শুড়ার বিধায়ক বিমান ঘোষ, খানাকুলের বিধায়ক সুশান্ত ঘোষ, আরামবাগের বিধায়ক হেমন্ত বাগ প্রমুখ এতে যোগ দেন।

*************************

অনুকূল বায়ুপ্রবাহ ও বাতাসে জলীয়বাষ্প বেশি থাকার কারণে উত্তর বঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আজও ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। দার্জিলিং

কোচবিহার এবং কালিম্পং জেলায় রয়েছে ভারী বৃষ্টির পূর্বাভাস। দক্ষিণবঙ্গেও আজ বীরভূম মুর্শিদাবাদ নদিয়া ও পূর্ব বর্ধমান জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে পশ্চিমের প্রায় প্রতিটি জেলাতেই গরম ও অস্বস্তিকর এবং উপকূলীয় জেলাগুলিতে ঘর্মাক্ত আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ দশমিক ৮ ডিগ্রি  সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় তিন ডিগ্রি বেশি।

*****************************************************************************